গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৬- ৫৭ তারিখঃ ৭- ০২-২০১৭

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৯-০১-২০১৭ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (ডিসেম্বর/২০১৬ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৯-০১-২০১৭ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (ডিসেম্বর/২০১৬পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরনী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন(ফেব্রুয়ারী,২০১৭) মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে তা আগামী ২০-০২-২০১৭ তারিখের মধ্যে অধিদপ্তরে হার্ড কপি ও সফট কপি (ই-মেইলেঃ anarul@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৭ (সাত) পাতা।


৭/২/১৭
(আনারুল কবির)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৪৮২২
e-mail: dc_p@dam.gov,com


**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

০১। প্রধান (গবেষণা ও উন্নয়ন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০২। উপ-পরিচালক (পিপি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০৩। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
০৪। প্রকল্প পরিচালক, পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), বাগেরহাট।
০৫। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
০৬। উপ-প্রকল্প পরিচালক, মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), কুষ্টিয়া।
০৭। কর্মসূচী পরিচালক, বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী, রংপুর।
০৮। সহকারী পরিচালক (প্রশাঃ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভূক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ২৯-০১-২০১৭ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (ডিসেম্বর/২০১৬ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। |
| স্থান | : | সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। |
| সময় | : | সকাল ০৯.৩০ ঘটিকা। |
| তারিখ | : | ২৯ জানুয়ারী, ২০১৭ খ্রিঃ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট-'ক' । |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**আলোচনাঃ**

**১। আলোচ্য বিষয়-১:** ২৭-১২-২০১৬ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ২৭-১২-২০১৬ তারিখে অনুষ্ঠিত নভেম্বর, ২০১৬ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | ২৭-১২-২০১৬ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২:** ২৭-১২-২০১৬ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনা।

গত ২৭-১২-২০১৬ তারিখে অনুষ্ঠিত নভেম্বর, ২০১৬ সময়ের এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে সভাকে অবহিত করা হয় যে, ২০১৫-২০১৬ অর্থ বছরের সবুজ পাতায় অন্তর্ভূক্ত প্রস্তাবিত **"কৃষি পণ্য প্রক্রিয়াকরণ, বাজার সংযোগ ও মূল্য সংযোজন সহায়ক"** শীর্ষক প্রকল্পের ক্ষেত্রে মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী পেরিফেরিভুক্ত উপজেলাসমূহ অন্তর্ভূক্তির বিষয়টি প্রকল্পে ফিজিবিলিটি ষ্টাডি প্রতিবেদন পাওয়ার পরে সম্পন্ন করা হবে। সভাকে আরো অবহিত করা হয় যে, অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে নিজস্ব স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত প্রকল্পভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তির বিষয়ে ছক অনুযায়ী ২০টি জেলা থেকে তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালক এবং ডিএমও/ডিএমআইগণকে পুনরায় পত্র প্রেরণ করার ফলশ্রুতিতে ৯টি জেলা থেকে তথ্য পাওয়া যায়। সভায় ফিজিবিলিটি স্টাডি প্রতিবেদন দ্রুত দাখিল করার জন্য সংশ্লিষ্ট টীমকে পুনরায় তাগিদ প্রদান এবং অবশিষ্ট জেলাসমূহ হতে জমি প্রাপ্তির তথ্য প্রেরণের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালকগণকে পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।

উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি সভাকে অবহিত করেন যে, ঝিনাইদহ জেলার শৈলকূপা উপজেলার গাড়াগঞ্জে এবং ডাকবাংলা বাজারে ইতোমধ্যে কৃষক দল গঠন, গুদাম পরিচালনা কমিটি ও গুদাম উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে। ব্যাংক ঋণের বিষয়ে গাড়াগঞ্জ বাজারে অবস্থিত সোনালী ব্যাংক ও সাধুহাটিতে অবস্থিত অগ্রণী ব্যাংকের সাথে গুদাম পরিচালনা কমিটির সদস্যদের মতবিনিময় করানো হয়েছে। শস্য জমা রাখার বিপরীতে ব্যাংক ঋণের আবেদন করলে ঋণ প্রদানের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে ব্যাংক কর্তৃপক্ষ জানিয়েছেন। প্রকল্পের সামগ্রিক তথ্য ও সুফল ভোগীদের তথ্য ইতোমধ্যে ঝিনাইদহ জেলার স্থানীয় পত্রিকা ও জাতীয় পত্রিকা দৈনিক জনকণ্ঠের কুষ্টিয়া প্রতিনিধির কাছে সরবরাহ করা হয়েছে এবং অতিসত্বর বর্ণিত তথ্যাদি পত্রিকায় প্রকাশ করা হবে। জেলা উন্নয়ন মেলা বাস্তবায়নের জন্য প্রকল্পের আওতাভুক্ত জেলাসমূহে আর্থিক ও কারিগরি সহযোগিতা প্রদান করা হয়েছে। প্রকল্পের কাজ

সুমসৃণভাবে সম্পন্ন করার জন্য আরএডিপি প্রস্তাবের সমুদয় অর্থ ব্যয় পূর্বক ১০০% অগ্রগতি সম্পন্ন করা হবে র্মমে উপ-প্রকল্প পরিচালক জানিয়েছেন।

প্রকল্প পরিচালক, পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) প্রকল্প সভাকে জানান যে, ২০১৫-১৬ অর্থবছরে নির্মিত অবশিষ্ট এসেম্বল সেন্টারগুলো শীঘ্রই উদ্বোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রকল্পের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে সফটওয়্যার খাতে বরাদ্দকৃত অর্থে সফটওয়্যার নির্মাণের জন্য TOR প্রস্তুত করা হচ্ছে। প্রকল্পের কাজ সুমসৃণভাবে সম্পন্ন করার জন্য আরএডিপি প্রস্তাবের সমুদয় অর্থ ব্যয় পূর্বক ১০০% অগ্রগতি সম্পন্ন করার বিষয়ে প্রচেষ্টা অব্যাহত আছে এবং প্রকল্পের অধীনে নির্মিত শস্যগুদামে যাবতীয় সেবাসমূহের উল্লেখ করে গুদামের ওয়ালে ডিসপ্লে বোর্ড অচিরেই স্থাপন করা হবে।

প্রকল্প পরিচালক (অঃ দাঃ), সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ) সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় মৌলভী বাজার ও হবিগঞ্জ জেলায় এসেম্বল সেন্টারের নির্মাণ কাজ দ্রুত বাস্তবায়ন করার নিমিত্ত এলজিইডিকে কার্যাদেশ প্রদান করেছেন। সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মাণের স্থাপত্য নকশা সংশোধন পূর্বক সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রেরণ করার জন্য স্থাপত্য অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। প্রকল্পের আওতায় সার্ভে ও ভিডিও ডকুমেন্টারী নির্মাণের জন্য কার্যাদেশ প্রদানের নিমিত্ত মূল্যায়ন কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

এনসিডিপি বাজার বিষয়ে উপ-পরিচালক, রাজশাহী সভাকে জানান যে, সমাপ্ত এফএমজি কর্মসূচীর আওতায় যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছিল তার পূর্ণাঙ্গ ব্যবহার নিশ্চিত করার বিষয়টি তদারকী এবং জেলা বাজার কর্মকর্তা/বাজার অনুসন্ধানকারীগণ কর্তৃক সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন অব্যাহত রয়েছে। কর্মসূচী চলাকালীন সময়ে বিতরণকৃত ভ্যান-এর কিস্তি নিয়মিত আদায় এবং ইতোমধ্যে অবিতরণকৃত ১০টি ভ্যানের মধ্যে জয়পুরহাট জেলায় ০৪টি ভ্যান বিতরণ করা হয়েছে এবং অবশিষ্ট ০৬টি ভ্যান বিতরণের চেষ্টা অব্যাহত আছে। রংপুরের মাহিগঞ্জ ও ট্রাক টার্মিনালের এনসিডিপি বন্ধ মার্কেট চালুকরণ/বিকল্প ব্যবহার প্রসঙ্গে মেয়র, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর- এর সাথে যোগাযোগ অব্যাহত আছে এবং সংশ্লিষ্ট তথ্য পাওয়ার পর পরবর্তী পদক্ষেপ নেয়া হবে।

"বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী"এর কর্মসূচী পরিচালক সভাকে অবহিত করেন যে, ২০১৬-২০১৭ অর্থবছরে মুন্সীগঞ্জ জেলায় ০৫ টি এবং রাজশাহী ও রংপুর অঞ্চলে ১৫ টিসহ মোট ২০ টি আলুর মডেল ঘর নির্মাণ প্রক্রিয়া অব্যাহত আছে, তন্মধ্যে ১০টি ঘরের নির্মাণ কাজ শুরু হয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অবশিষ্ট ১০টি ঘরের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করা হবে। কর্মসূচীর আওতায় মোট ৮০ টি কৃষক বিপণন দল গঠন করার পরিকল্পনা রয়েছে। তন্মেধ্যে মোট ৫৪ টি দল গঠন ও অনুমোদন করা হয়েছে এবং অবশিষ্ট ২৬ টি কৃষক বিপণন দল গঠন প্রক্রিয়াধীন রয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরে বরাদ্দ প্রাপ্তি ও অর্থ ছাড় সাপেক্ষে প্রদর্শনী বোর্ড তৈরী ও স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হবে।

বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আরও তৎপর হওয়ার জন্য সভাপতি মহোদয় পরামর্শ প্রদান করেন এবং পূর্ববর্তী সভার যে সকল সিদ্ধান্ত এখন পর্যন্ত বাস্তবায়িত হয়নি সেগুলো বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে তাগিদ দেওয়া হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ২.১ | পূর্ববর্তী সকল সভার যে সমস্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়নি তা বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণসহ যে সকল সিদ্ধান্ত বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

৩। **আলোচ্য বিষয়-৩:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

**৩.১:** সভাকে অবহিত করা হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে এডিপিতে ৩টি বিনিয়োগ প্রকল্পের অনুকূলে মোট ৭৩৭.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে ইতোমধ্যে উক্ত বরাদ্দের বিপরীতে মোট ৩৬৮.৫০ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে এবং উক্ত বরাদ্দের বিপরীতে ডিসেম্বর/২০১৬ পর্যন্ত সর্বমোট ২৩৩.৫২ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৩১.৬৯%। এছাড়াও "বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী" এর

আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে ২৩.০০ লক্ষ টাকা বরাদ্দ এর বিপরীতে ১১.৫০ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে এবং উক্ত বরাদ্দের বিপরীতে ডিসেম্বর/২০১৬ পর্যন্ত সর্বমোট ৯.৪৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৪১.১৮%।

**৩.২ ২০১৫-২০১৬ এর আরএডিপি'র সবুজ পাতায়** অর্ন্তভূক্ত প্রস্তাবিত **"কৃষিপণ্য প্রক্রিয়াকরণ, বাজার সংযোগ ও মূল্য সংযোজন সহায়ক"** শীর্ষক প্রকল্পের জন্য ফিজিবিলিটি স্টাডি প্রতিবেদন জরুরী ভিত্তিতে ফেব্রুয়ারী, ২০১৭ এর মধ্যে দাখিল করার জন্য ফিজিবিলিটি স্টাডি কমিটিকে সভাপতি মহোদয় তাগিদ প্রদান করেন। অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে নিজস্ব স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত সবুজ পাতায় প্রকল্পভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তির বিষয়ে বিভাগীয় উপ-পরিচালকগণকে জরুরী ভিত্তিতে তথ্য প্রেরণের নিমিত্ত পুনরায় পত্র প্রদান করতে সভাপতি তাগিদ প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.২.১** | ২০১৫-২০১৬ অর্থ বছরের সবুজ পাতায় অর্ন্তভূক্ত প্রস্তাবিত **"কৃষি পণ্য প্রক্রিয়াকরণ, বাজার সংযোগ ও মূল্য সংযোজন সহায়ক "** শীর্ষক প্রকল্পের জন্য কৃষি মন্ত্রনালয়ের যাচাই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পেরিফেরিভূক্ত উপ-জেলা গুলোকে অন্তর্ভূক্ত এবং ফিজিবিলিটি ষ্টাডি প্রতিবেদন সংযুক্ত করে ফেব্রুয়ারী, ২০১৭ এর মধ্যে DPP টি মন্ত্রনালয়ে প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (পিপি) ও আহ্বায়ক প্রকল্পের ফিজিবিলিটি কমিটি |
| **৩.২.২** | অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে স্থাপনা নির্মাণের নিমিত্ত সবুজ পাতাভূক্ত প্রস্তাবিত প্রকল্পের অন্তর্ভূক্ত জেলাসমূহে (জেলা সদর ছাড়াও নিকটবর্তী উপজেলা) জমি প্রাপ্তির বিষয়ে সদর দপ্তরের প্রেরিত ছক মোতাবেক তথ্য প্রদান করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক |

**৩.৩: মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন (১ম সংশোধিত) (ডিএএম অংগ) প্রকল্পের** অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরে এডিপি অনুযায়ী মোট বরাদ্দ ১১৮.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম ও ২য় কিস্তি বাবদ মোট ১১৮.০০ লক্ষ টাকা ছাড় হয়েছে যার বিপরীতে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত ৫৩.৩২ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৪৫.১৯%। প্রকল্পটি যেহেতু ২০১৭ অর্থ বছরে শেষ হবে সেহেতু প্রকল্পের কার্যক্রম বিষয়ে প্রচার-প্রচারণার নিমিত্ত কৃষি তথ্য সার্ভিস-এ যোগাযোগ করে প্রকল্পের সামগ্রিক তথ্য ও সুফলভোগীদের তথ্য প্রকাশের উদ্যোগ গ্রহণের জন্য সভাপতি নির্দেশ দেন। প্রকল্পের আওতায় সংস্কারকৃত শস্য গুদাম ঋণ কার্যক্রম দ্রুত চালু করার নিমিত্ত কৃষক দল গঠন ও স্থানীয় ব্যাংকের সাথে লিংকেজ স্থাপনের মাধ্যমে ব্যংক ঋণ অনুমোদনের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে এবং আরএডিপি প্রস্তাবের সমুদয় অর্থ ব্যয় পূর্বক ১০০% অগ্রগতি সম্পন্ন করতে সভাপতি মহোদয় জোর তাগিদ প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.৩.১** | প্রকল্পের আওতায় সংস্কারকৃত শস্য গুদাম ঋণ কার্যক্রম দ্রুত চালু করার নিমিত্ত কৃষক দল গঠন ও স্থানীয় ব্যাংকের সাথে লিংকেজ স্থাপনের মাধ্যমে ব্যংক ঋণ অনুমোদনের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |
| **৩.৩.২** | প্রকল্প কার্যক্রম বিষয়ে প্রচার-প্রচারণার জন্য কৃষি তথ্য সার্ভিস এর সাথে যোগাযোগ করে প্রকল্পের সামগ্রিক তথ্য ও সুফলভোগীদের তথ্য প্রকাশের উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |
| **৩.৩.৩** | প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য আরএডিপি প্রস্তাবের সমুদয় অর্থ ব্যয় পূর্বক ১০০% অগ্রগতি সম্পন্ন করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |

**৩.৪: পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) প্রকল্পের** অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরে এডিপি অনুযায়ী মোট বরাদ্দ ২৮৫.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম ও ২য় কিস্তি বাবদ মোট ১৪২.৫০ লক্ষ টাকা ছাড় হয়েছে। ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত ১২৮.৮৯ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৪৫.২২%। ২০১৫-১৬ অর্থ

বছরে নির্মিত এসেম্বল সেন্টার সমূহের মধ্যে যেগুলো এখনো উদ্বোধন করা হয়নি সেগুলো অতিদ্রুত উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এসেম্বল সেন্টারগুলোতে সাপ্তাহিক বাজারের পাশাপাশি দৈনিক বাজার চালু করার ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রকল্পের অধীনে মেরামতকৃত শস্যগুদামে যাবতীয় সেবাসমূহের উল্লেখ করে গুদামের দেয়ালে ডিসপ্লে বোর্ড স্থাপন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া সভাপতি প্রকল্পের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে সফটওয়্যার খাতে বরাদ্দকৃত অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত করার জন্য ডিপিপি সংস্থানের আলোকে সংশ্লিষ্ট সফটওয়ার ফার্মের সাথে আলোচনা পূর্বক প্রয়োজনীয় সফটওয়ার তৈরীর কার্যক্রম গ্রহণ করার নিমিত্ত বিভাগীয় উপ-পরিচালক, চট্টগ্রাম-কে আহ্বায়ক, প্রকল্প পরিচালক (পিজিবিআইএডিপি), প্রকল্প পরিচালক (আইসিআইএসআরপি), উপ-পরিচালক(পিপি)-কে সদস্য এবং মাসুদ রানা,সহকারী পরিচালককে সদস্য-সচিব করে ১টি টেকনিক্যাল কমিটি গঠন এবং কমিটি কর্তৃক ১৫ দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করতে নির্দেশ প্রদান করেন। প্রকল্পের কার্যক্রম বিষয়ে প্রচার-প্রচারণার নিমিত্ত স্থানীয় ও জাতীয় পত্রিকায় এবং কৃষি তথ্য সার্ভিস-এ যোগাযোগ করে প্রকল্পের সামগ্রিক তথ্য ও সুফলভোগীদের তথ্য প্রকাশের উদ্যোগ গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। পিরোজপুর জেলায় নির্মিতব্য এসেম্বল সেন্টার নির্মাণ কাজ অর্পিত কাজ হিসেবে সংশ্লিষ্ট জেলায় অর্থ প্রদান করার বিষয়ে প্রকল্প পরিচালক প্রস্তাব করলে সভাপতি মহোদয় এ বিষয় বিধি বিধানের আলোকে প্রকল্প হতে প্রস্তাব পাওয়া গেলে তদানুযায়ী ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন। প্রকল্পের কাজ সুমসৃণভাবে সম্পন্ন করার জন্য আরএডিপি প্রস্তাবের সমুদয় অর্থ ব্যয় পূর্বক ১০০% অগ্রগতি সম্পন্ন করার বিষয়ে সভায় জোর তাগিদ প্রদান করা হয়।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৪.১ | ২০১৫-১৬ অর্থ বছরে নির্মিত এসেম্বল সেন্টার সমূহের মধ্যে যেগুলো এখনো উদ্বোধন করা হয়নি সেগুলো অতিদ্রুত উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এসেম্বল সেন্টারগুলোতে সাপ্তাহিক বাজারের পাশাপাশি দৈনিক বাজার চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৪.২ | প্রকল্পের অধীনে নির্মিত শস্যগুদামে যাবতীয় সেবাসমূহের উল্লেখ করে গুদামের দেয়ালে ডিসপ্লে বোর্ড স্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৪.৩ | ডিপিপি সংস্থানের আলোকে সংশ্লিষ্ট সফটওয়ার ফার্মের সাথে আলোচনা পূর্বক প্রয়োজনীয় সফটওয়ার তৈরীর কার্যক্রম গ্রহণ করার নিমিত্ত বিভাগীয় উপ-পরিচালক, চট্টগ্রাম-কে আহ্বায়ক ও প্রকল্প পরিচালক (পিজিবিআইএডিপি), প্রকল্প পরিচালক (আইসিআইএসআরপি), উপ-পরিচালক(পিপি)গণকে সদস্য এবং মাসুদ রানা, সহকারী পরিচালককে সদস্য-সচিব করে ১টি টেকনিক্যাল কমিটি গঠন করতে হবে এবং কমিটি কর্তৃক ১৫ দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে। | উপ-পরিচালক(পিপি) ও প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৪.৪ | প্রকল্পের কার্যক্রম বিষয়ে প্রচার-প্রচারণার নিমিত্ত স্থানীয় ও জাতীয় পত্রিকায় এবং কৃষি তথ্য সার্ভিস-এ যোগাযোগ করে প্রকল্পের সামগ্রিক তথ্য ও সুফলভোগীদের তথ্য প্রকাশের উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৪.৫ | প্রকল্পের কাজ সুমসৃণভাবে সম্পন্ন করার জন্য আরএডিপি প্রস্তাবের সমুদয় অর্থ ব্যয় পূর্বক ১০০% অগ্রগতি সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৪.৬ | পিরোজপুর জেলায় নির্মিতব্য এসেম্বল সেন্টারের নির্মাণ কাজ অর্পিত কাজ হিসেবে সংশ্লিষ্ট জেলায় অর্থ প্রদান করার বিষয়ে বিধি মোতাবেক প্রস্তাব দিতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |

৩.৫: **"সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)" প্রকল্পের** অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরে এডিপি অনুযায়ী মোট বরাদ্দ ৩৩৪.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম ও ২য় কিস্তি বাবদ মোট ১৬৭.০০ লক্ষ টাকা ছাড়

হয়েছে। নভেম্বর, ২০১৬ পর্যন্ত ৫১.৩১ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ১৫.৩৬%। মৌলভী বাজার ও হবিগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী এলজিইডিকে তাগিদ প্রদান অব্যাহত রাখতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। সিলেটে জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মাণের বিষয়ে দ্রুত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও প্রকল্পের সার্ভে ও ডকুমেন্টারী প্রস্তুত করার নিমিত্ত কার্যাদেশ প্রদানের জন্য সভাপতি নির্দেশ দেন। সভাপতি মহোদয় প্রকল্পের কাজ সুমসৃণভাবে সম্পন্ন করার জন্য আরএডিপি প্রস্তাবের সমুদয় অর্থ ব্যয় পূর্বক ১০০% অগ্রগতি সম্পন্ন করতে পুনরায় জোর তাগিদ প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৫.১ | প্রকল্পের আওতায় মৌলভী বাজার ও হবিগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শুরু করার জন্য এলজিইডিকে তাগিদ প্রদান অব্যাহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক, আইসিআইএসআরপি (ডিএএম অংগ) |
| ৩.৫.২ | সিলেটে জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মাণের বিষয়ে দ্রুত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, আইসিআইএসআরপি (ডিএএম অংগ) |
| ৩.৫.৩ | প্রকল্পের সার্ভে ও ডকুমেন্টারী প্রস্তুত করার নিমিত্ত দ্রুত কার্যাদেশ প্রদান করতে হবে। | প্রকল্প পরিচালক, আইসিআইএসআরপি (ডিএএম অংগ) |
| ৩.৫.৪ | প্রকল্পের কাজ সুমসৃণভাবে সম্পন্ন করার জন্য আরএডিপি প্রস্তাবের সমুদয় অর্থ ব্যয় পূর্বক ১০০% অগ্রগতি সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক, আইসিআইএসআরপি (ডিএএম অংগ) |

**৩.৬: এনসিডিপি বাজারের হালনাগাদ পরিস্থিতি বিষয়ে** সমাপ্ত এফএমজি কর্মসূচীর আওতায় যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছিল তার পূর্ণাঙ্গ ব্যবহার নিশ্চিত করার বিষয়টি তদারকী এবং জেলা বাজার কর্মকর্তা এবং বাজার অনুসন্ধানকারীগণ কর্তৃক সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন অব্যাহত রাখতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। কর্মসূচী চলাকালীন সময়ে বিতরণকৃত ভ্যান-এর কিস্তি নিয়মিত আদায় এবং অবিতরনকৃত ভ্যানগুলো দ্রুত বিতরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং যে জেলায় ভ্যানের চাহিদা পাওয়া যাবে উক্ত এলাকায় ভ্যান বিতরণের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। রংপুরের মাহিগঞ্জ ও ট্রাক টার্মিনালের এনসিডিপি মার্কেটের সমস্যা ও সমাধানের প্রয়োজনীয়তা নিরুপণ করে বিভাগীয় উপ- পরিচালক,রংপুরকে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দ্রুত পেশ করার জন্য সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৬.১ | সমাপ্ত এফএমজি কর্মসূচীর আওতায় যে সকল কার্যক্রম (ভ্যান বিতরণ, ব্যানার ইত্যাদি) গ্রহণ করা হয়েছিল তার পূর্ণাঙ্গ ব্যবহার নিশ্চিত করার বিষয়টি বিভাগীয় উপ-পরিচালক তদারকী করবেন এবং জেলা বাজার কর্মকর্তা এবং বাজার অনুসন্ধানকারীগণ সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন করবেন। | বিভাগীয় উপ- পরিচালক রাজশাহী। |
| ৩.৬.২ | কর্মসূচী চলাকালীন সময়ে বিতরণকৃত ভ্যান-এর কিস্তি নিয়মিত আদায় এবং অবিতরণকৃত ভ্যানগুলো চাহিদা অনুযায়ী বিভিন্ন জেলায় দ্রুত বিতরনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় উপ- পরিচালক রাজশাহী |
| ৩.৬.৩ | রংপুরের মাহিগঞ্জ ও ট্রাক টার্মিনালের এনসিডিপি বন্ধ মার্কেট চালুকরণ/বিকল্প ব্যবহার প্রসঙ্গে মেয়র, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর বরাবর পুনরায় পত্র প্রেরণ করতে হবে এবং প্রেরিত পত্রের প্রত্যুত্তরের পর মন্ত্রনালয়ে প্রেরণযোগ্য একটি পূর্নাংগ প্রতিবেদন প্রস্তুত করে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপ- পরিচালক রংপুর |

**৩.৭: "বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী"** বিষয়ে কর্মসূচী পরিচালক সভাকে অবহিত করেন যে, ২০১৬-১৭ অর্থ বছরে মোট বরাদ্দ ২৩.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম ও ২য় কিস্তি বাবদ মোট ১১.৫০ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে এবং উক্ত বরাদ্দের বিপরীতে ডিসেম্বর/২০১৬ পর্যন্ত সর্বমোট ৯.৪৭২ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৪১.১৮%। ২০১৬-২০১৭ অর্থবছরে মুন্সীগঞ্জ জেলায় ০৫ টি এবং রাজশাহী ও রংপুর অঞ্চলে ১৫ টিসহ মোট ২০টি আলুর মডেল ঘর নির্মাণ প্রক্রিয়া অব্যাহত আছে, তন্মধ্যে ১০টি ঘরের নির্মাণ কাজ শুরু হয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অবশিষ্ট ১০টি ঘরের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করা হবে। কর্মসূচীর ২০১৬-১৭ অর্থ বছরে ৫৯.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যহত রেখে অর্থ ছাড় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।এছাড়া সভাপতি মহোদয় আগামী আলুর মৌসুমে আলুর ঘরগুলো যথাযথ ব্যবহারের উদ্দেশ্যে কর্মপরিকল্পনা গ্রহণ এবং কর্মসূচীর কার্যক্রম আরো বেগবান করার জন্য সভায় দিক নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.৭.১** | ২০১৬-১৭ অর্থবছরে মুন্সিগঞ্জ জেলায় ০৫টি এবং রংপুর ও রাজশাহী অঞ্চলে ১৫টি আলুর মডেল ঘর তৈরীর নিমিত্ত দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে এবং (১০+২০)টি=৩০টি আলুর ঘরে আগামী মৌসুমে আলু সংরক্ষণে যথাযথ পরিকল্পনা গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| **৩.৭.২** | কর্মসূচীর আওতায় যেসকল কৃষক বিপণন দল ইতোমধ্যে গঠন করা হয়েছে এবং ভবিষ্যতে হবে তার তথ্য পূর্বের প্রেরিত ছক মোতাবেক সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| **৩.৭.৩** | যে সকল এলাকায় ইতোমধ্যে আলুর ঘর নির্মাণ করা হয়েছে এবং ভবিষ্যতে নির্মাণ করা হবে উক্ত ঘরের উদ্দেশ্য, লক্ষ্য ও উপকারিতা উল্লেখ পূর্বক একটি প্রদশর্নী বোর্ড লাগাতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| **৩.৭.৪** | কর্মসূচীর কার্যক্রম সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রতিমাসে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | আহ্বায়ক কর্মসূচী মনিটরিং টীম |

**৩.৮: দরপত্রের অগ্রগতি বিষয়ে আলোচনাঃ** সচিব কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সকল প্রকল্পের টেন্ডারিং কার্যক্রম ই-সেবার আওতায় আনার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। এছাড়া মন্ত্রণালয়ের এডিপি সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পের কর্মপরিকল্পনা অনুযায়ী ২৫ ফেব্রয়ারী,২০১৭ এর মধ্যে দরপত্র আহবান এবং কার্যাদেশ প্রদান শেষ করতে নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.৮.১** | ২০১৬-১৭ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল দরপত্র বিশেষ করে নিমান কাজের টেন্ডারসমূহ ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| **৩.৮.২** | মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পের কর্মপরিকল্পনা অনুযায়ী দরপত্র আহবান এবং কার্যাদেশ প্রদান ২৫ ফেব্রয়ারী,২০১৭ এর মধ্যে শেষ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |

**৪-বিবিধঃ** প্রত্যেক প্রকল্প পরিচালক কর্তৃক সভার কার্যবিবরণী অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিত ভাবে মহাপরিচালক বরাবর অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করার জন্য সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।

বাংলাদেশের চলমান কৃষি উন্নয়ন কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখা এবং তা আরও গতিশীল করে বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের হার ৯৯.৫০ শতাংশের উপরে নিয়ে যাবার জন্য মাননীয় কৃষি মন্ত্রীর নির্দেশনামতে বরাদ্দকৃত অর্থের যথোপযুক্ত ও সময়ানুগ ব্যবহার নিশ্চিত করার জন্য জরুরী পদক্ষেপ নিতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। এসকল বিষয়ে বিভাগীয় উপ-পরিচালকগণ তদারকী করবেন এবং জেলা বাজার কর্মকর্তা/ বাজার অনুসন্ধানকারীগণ সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন করবেন মর্মে নির্দেশনা দেয়া হয়। প্রকল্পের আওতায় যে সকল ট্রেনিং সেন্টার নির্মাণ করা হয়েছে সেগুলো সুষ্ঠুভাবে চালু কারার জন্য ব্যাপক প্রচার প্রচারণা কার্যক্রম চালাতে হবে। ট্রেনিং সেন্টার এর মেশিনারী গুলো কিভাবে চালু করা যায় তার একটি নীতিমালা তৈরী করার জন্য বিভাগীয় উপ-পরিচালকগণকে পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। অধিদপ্তরের মেকানিকদের কে উক্ত স্থাপনার সাথে সংযুক্ত করতে সভাপতি মহোদয় বিভাগীয় উপ-পরিচালকদের নির্দেশনা প্রদান করেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী সকল কার্যক্রম জুন, ২০১৭ এর মধ্যে শতভাগ সম্পন্ন করে সংশ্লিষ্ট প্রমাণকসহ প্রতিবেদন দাখিল করতে ও APA সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রা সমূহের অগ্রগতি সন্তোষজনক না হলে সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি মহোদয় নির্দেশ প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.১ | বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের হার ৯৯.৫০ শতাংশের উপরে নিয়ে যাবার জন্য মাননীয় কৃষি মন্ত্রীর নির্দেশণামতে বরাদ্দকৃত অর্থের যথোপযুক্ত ও সময়ানুগ ব্যবহার নিশ্চিত করার জরুরী পদক্ষেপ নিতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৪.২ | সমাপ্ত প্রকল্প/কর্মসূচীর আওতায় যে সকল স্থাপনা নির্মাণ, পণ্য সংগ্রহ সংস্কার মূলক কার্যক্রম গ্রহণ ও কৃষক দল গঠন করা হয়েছে তার পুর্ণাঙ্গ ব্যবহার ও তদারকী নিশ্চিত করতে পুনরায় তাগিদপত্র প্রদান করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৪.৩ | আঞ্চলিক ট্রেনিং সেন্টার এর মেশিনারী গুলো চালু এবং ব্যবহার বিষয়ে একটি খসড়া নীতিমালা প্রনয়ণপূর্বক দ্রুততম সময়ের মধ্যে সদর দপ্তরে দাখিল করতে হবে। এছাড়া যে সকল বিভাগে মেশিনারী আছে উক্ত মেশিনারীগুলোর তালিকা প্রস্তুত করে সুনির্দিষ্ট মতামতসহ একটি নীতিমালা প্রেরণ করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সহকারী পরিচালক (প্রশাঃ) |
| ৪.৪ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী সকল কার্যক্রম জুন, ২০১৭ এর মধ্যে শতভাগ সম্পন্ন করতে হবে এবং সংশ্লিষ্ট প্রমাণকসহ প্রতিবেদন দাখিল করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৪.৫ | APA সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রা সমূহের অগ্রগতি সন্তোষজনক না হলে সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |

৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মাহবুব আহমেদ)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।